

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
জলবায়ু পরিবর্তন শাখা-২  
www.moef.gov.bd

নং- ২২.০০.০০০০.০৩৭.১৪.০৬৮.১৮.২৬৯

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
০১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নধীন “বজ্রপাত সংগঠনের আবহাওয়াজনিত অবস্থা পর্যবেক্ষণ এবং বাংলাদেশে বজ্রপাত মোকাবেলায় সহনশীল জনগোষ্ঠী গঠন” শীর্ষক প্রকল্পের সংশোধিত প্রশাসনিক আদেশ জারি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে গত ১৬/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৪৮তম সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তাবিত “বজ্রপাত সংগঠনের আবহাওয়াজনিত অবস্থা পর্যবেক্ষণ এবং বাংলাদেশে বজ্রপাত মোকাবেলায় সহনশীল জনগোষ্ঠী গঠন” শীর্ষক প্রকল্প প্রস্তাবটি প্রাক্কলিত ব্যয় ১৪৬.৫৬ (একশত ছেচল্লিশ দশমিক পাঁচ ছয়) লক্ষ টাকায় বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পটির বিভিন্ন খাতের অর্থনৈতিক কোডে ভুল পরিলক্ষিত হওয়ায় দাখিলকৃত সংশোধিত প্রকল্প প্রস্তাবে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। এ অর্থ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। এ প্রেক্ষিতে ট্রাস্ট বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে বর্ণিত প্রকল্পের সংশোধিত প্রশাসনিক আদেশ জারি করা হলো। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

প্রকল্পের মূল মেয়াদকাল: অক্টোবর, ২০১৮ হতে সেপ্টেম্বর, ২০২০।

বাস্তবায়নকারী সংস্থা: ঢাকা বিশ্ববিদ্যালয়।


প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেম ওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

ক্র:নং	অর্থনৈতিক কোড	খাতের বিবরণ	টাকার পরিমাণ
০১	৪৫০১	অফিসারের বেতন	১৩.৮০
০২	৪৬০১	প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	১.৭৪
০৩	৪৭৬৫	যাতায়াত ভাতা	১৫.০০
০৪	৪৮০০	সরবরাহ ও সেবা	৫৫.৯৯৫
<b>(ক) মোট রাজস্ব ব্যয়</b>			<b>৮৬.৫৩৫</b>
০১	৬৮০০	সম্পদ সংগ্রহ ও ক্রয়	৬০.০০
<b>(খ) মোট মূলধন ব্যয়</b>			<b>৬০.০০</b>
<b>সর্বমোট ব্যয় (ক) + (খ)</b>			<b>১৪৬.৫৩৫</b>

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

- ১। প্রকল্প বাস্তবায়নের বিষয়ে এবং বরাদ্দকৃত এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;
- ২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rule (PPR), 2008 অনুসরণ করতে হবে;
- ৩। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;
- ৪। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) সভার কার্যবিবরণী বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;
- ৫। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২)-এ প্রেরণ করতে হবে;
- ৬। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফট কপি রদিন ছবিসহ [bcctmoef@hotmail.com](mailto:bcctmoef@hotmail.com) এই ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে;
- ৭। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্ত্রণালয়ের উপর বর্তাবে এবং প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্তির পর অডিট রিপোর্টের কপি বিসিসিটি-তে যথাসময়ে প্রেরণ করতে হবে;
- ৮। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পর বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কার্যালয়ে ফেরত প্রদান করতে হবে।

  
(মোঃ মাজেদুল ইসলাম)  
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ১০১ মহাখালী, ঢাকা-১২১২।
- ০৩। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ০৪। ড. তৌহিদা রশিদ, চেয়ারম্যান, আবহাওয়া বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ও প্রকল্প পরিচালক।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, রংপুর (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় সভায় এজেন্ডায় অন্তর্ভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।